# সভা নং-১৭

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের ২০২৫ খ্রিঃ অক্টোবর মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মাহমুদা জাহান<br>প্রশাসক, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ২৯/১০/২০২৫খ্রিঃ সময় ঃ সকাল ১২.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অত:পর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে,বর্তমানে চিকনগুনিয়া ও ডেঙ্গুজ্বর মারাত্মক হারে বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে সবাইকে সচেতন হতে হবে, মাস্ক ও সামাজিক সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাছাড়া বাড়ির পাশে পানি থাকলে ছোট বাচ্চাদের বিষয়ে নজরদারী করতে হবে। এছাড়াও হাসপাতালের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় সার ও বীজের মজুদ ও সরবারহ সন্তোষজনক। ড্রেজার ব্যবহারের মাধ্যমে টপ সয়েল রোধে সবাইকে একযোগে কাজ করার জন্য সবাইকে অনুরোধ জানানো যাচ্ছে। আবহাওয়া অনুকূলে থাকায় মাঠে দন্ডায়মান ফসলের অবস্থা সন্তোষজনক। এছাড়া কৃষি অন্যান্য কাজকর্ম স্বাভাবিক আছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া |
| ০৩. | উপজেলা প্রকৌশলী বিভাগঃ ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় নিম্নবর্ণিত প্রকল্প সমূহ | অনুচ্ছেদ গ হতে ঙ উপজেলা উন্নয়ন তহবিল পর্যন্ত পিআইসি কমিটি উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে ব্যয়ের সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |

| ক্রমিক নং | আলোচনা |
|---|---|
| ক. | ব্রাহ্মণপাড়া উপজেলা কমপ্লেক্স ভবনে বৈদ্যুতিক সংযোগের (সিপি) জন্য মালামাল ক্রয় ৩,০০,০০০/- (পিআইসি) (উপজেলা রাজস্ব তহবিল ) |
| খ. | ব্রাহ্মণপাড়া উপজেলা কমপ্লেক্স ভবনে বৈদ্যুতিক সংযোগের (সিপি) জন্য অবশিষ্ট মালামাল ক্রয় ১,০০,০০০/- (ডাইরেক্ট ক্যাশ ভাউচারের মাধ্যমে ক্রয়) উপজেলা রাজস্ব তহবিল । |
| গ. | মাধবপুর- কলেজপাড়া জিয়াউর রহমানের বাড়ীতে যাওয়ায় ভেঙ্গে যাওয়া ব্রীজটি মেরামত ১,০০,০০০/- |
| ঘ. | নাগাইশ-বাগড়া সড়কের আসমত আলী ব্যাপারী বাড়ী পেছনের সড়ক সিসি করন ২,০০,০০০/- |
| ঙ. | বালিনা ও চান্দলা উত্তর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভোট কেন্দ্রে যাওয়ার রাস্তা মেরামত ৩,০০,০০০/- |

০৩. উপজেলা প্রকৌশলী: ব্রাহ্মণপাড়া জানান যে, নতুন সড়ক অন্তভুক্তিকরণের ছক "পরিশিষ্ট"

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেনী | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ (কি: মি:) | নতুন সড়ক অন্তভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রমান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Brahmanpara | 1 | 419154083 | VR-A | (0106) durpanarayanpur Maddhapara late Md sakandar kari bari near Bangshi babur khal Bridge- Baakia Gram purbopara mosque road | 0.860 | সড়ক গুলো ইতিমধ্যে মাটিদ্বারা উন্নয়ন করা হয়েছে বিধায় ইনভেন্টরিতে অন্তভূক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 2 | 419154084 | VR-A | (0101) makimpur bara masque mor-jamal hazi bari pacca Road | 0.512 | |
| | 3 | 419154085 | VR-A | (0403) Nagaish Govt. Collage Road –Bir muktizoddha Hazi Nurul Islam House Road | 1.50 | |
| | 4 | 419154086 | VR-A | (0403) daksin Nagaish Noorunnabi House Bakul tola- vignnir par road | 0.50 | |
| | 5 | 419154087 | VR-A | (0403) Choto Nagaish abdul matin Khasru high school-uttar nagaish Forkania madrasha Road | 3.00 | |
| | 6 | 419154088 | VR-A | (0403) uttar nagaish salim market-Chowbbas shihu mohori bari main road attached Road. | 2.00 | |
| | 7 | 419154089 | VR-A | (0403) uttar nagaish salim market-Baradhushia Araibari attached Road. | 2.50 | |



CamScanner

০৩. উপজেলা প্রকৌশলী: ব্রাহ্মণপাড়া জানান যে, নতুন সড়ক অন্তর্ভুক্তিকরণের ছক "পরিশিষ্ট"

| উপজেলার নাম | ক্রমিক নং | সড়কের আইডি নম্বর | সড়কের শ্রেণী | Start এবং End Point অনুযায়ী সড়কের নাম | পরিমাপ অনুযায়ী সড়কের দৈর্ঘ্য (কি: মি:) | নতুন সড়ক অন্তর্ভুক্তিকরণের কারণ ব্যাখ্যাসহ যুক্তি প্রমান করতে হবে। |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| Brahmanpara | 8 | 419154090 | VR-A | (0403) Uttar Nagaish Goverment pry. school Baradhushia Noor masque road | 4.00 | সড়ক গুলো ইতিমধ্যে মাটিধারা উন্নয়ন করা হয়েছে বিধায় ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে। |
| | 9 | 419154091 | VR-A | (0505) Gopalnagar Community Clinic-Gerulne Taher Doctor Bari Road | 1.50 | |
| | 10 | 419154092 | VR-A | (0508) Bejora mosque Gate-Chatiani Halim Master Bari Road | 1.50 | |
| | 11 | 419154093 | VR-A | (0505) Gopalnagar near the Box ali Bhuiyan Bari Bridge-Hazi Bari road | 1.50 | |
| | 11 | 419154094 | VR-A | (0703) shahabad union Takie maddahpara miazi bari-takie dahkinpara Afsaruddin bari Road | 2.10 | |
| | 13 | 419154095 | VR-A | (0608) Naigor Harimangal-Naigor Eidgah-adocate Atik House Road. | 0.650 | |
| | 14 | 419154096 | VR-A | (0608) Naigor Harimangal-Naigor Hazi Jamshad Shacib House- Akub House Road. | 0.510 | |
| | 15 | 419154097 | VR-A | (0607) Brahmapara Upazilla H/Q-Brahmanpara Bazer (R&H) Road. | 1.00 | |
| | 16 | 419154098 | VR-A | (0607) Upazila parishad Madel School-Rashid Market Road. | 1.500 | |
| | 17 | 419154099 | VR-A | (0608) Naigor Pry. School Madrasha Main Road- Daksinpara Road. | 0.700 | |

| | | | |
|---|---|---|---|
| ০৪. | **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, নিষিদ্ধ ঘোষিত পিরানহা মাছের বিপনন ও চোরাচালান বন্ধে অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়াও নিষিদ্ধ জালের বিরুদ্ধে অভিযান পরিচালিত হচ্ছে। মা ইলিশ সংরক্ষণ কার্যক্রম ২০২৫ সফলভাবে পরিচালিত হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি অফিসে প্রাণি সম্পদের চিকিৎসা সেবা চালু রয়েছে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ২০২৬ শিক্ষাবর্ষের পাঠ্যবই ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। (১ম-৩য় শ্রেণি)। বাকি পাঠ্যবই (৪র্থ-৫ম শ্রেণি) শীঘ্রই পাওয়া যাবে। প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষকদের আন্তঃ উপজেলা বদলীর কার্যক্রম চলমান আছে।<br>উপজেলায় একজন নতুন উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার যোগদান করেছেন গত ১৩/১০/২০২৫ তারিখ। সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা-২০২৫ আগামী ২১-২৪ ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত হবে। সকলের সার্বিক সহায়তা কামনা করছি। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, NTRCA কর্তৃক স্কুল/কলেজ ও মাদ্রাসায় শূন্য পদে শিক্ষক নিয়োগ সম্পন্ন হয়েছে। এখন তাদের নিয়োগ অনুমোদন ও যোগদান কার্যক্রম চলছে। প্রায় ৮০% শূন্য পদ পূরন করা হয়েছে। ২০২৬ সালের এস.এস.সি এবং সমমানের পরীক্ষার প্রস্তুতি চলছে।কিছু দিনের মধ্যেই ফরমপূরন শুরু হবে। শিক্ষার্থীদের টাইফয়েডের টিকার নিবন্ধন কার্যক্রম চলছে। নিবন্ধনের হার সন্তোষজনক। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৮. | **উপজেলা সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ব্রাহ্মণপাড়ার সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ১৩/১০/২০২৫ থেকে আগামী ০৬/১১/২০২৫ তারিখ পর্যন্ত বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, প্রতিবন্ধী শিক্ষার্থী, অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ ভাতা, বেদে, হিজরা ভাতার অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম চলছে। এই সকল ইউপি চেয়ারম্যান মহোদয়কে ব্যাপক প্রচার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। | | সমাজ সেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ০৯. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলমান মাসে ২৫ জন যুব ও যুব মহিলাকে ২৯,৮০,০০০/- টাকা বিতরণ করা হয়। ইমপ্যাক্ট প্রকল্পের ০১ জন খামারী কে ২,০০,০০০/- টাকা বিতরণ করা হয়। ঋণের আদায়ের ৎ ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৩.৩১%। চলমান মাসে খেলাপী আদায় ৫৮,৯০২/-টাকা। ইতিমধ্যে ০৩টি ব্যাচে ৯০ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষন দেয়া হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১০. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১১. | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৫-২০২৬ চক্রের ১২৬১ জন উপকারভোগীর জন্য জুলাই/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫ পর্যন্ত ০৬ মাসের জন্য ২২৬.৯৮ মে.টন পুষ্টি চালের বরাদ্দ পাওয়া গেছে।উক্ত বরাদ্দ হতে জুলাই-সেপ্টেম্বর.২০২৫ মাসের চাল বিতরণ সম্পন্ন হয়েছে। অক্টোবর মাসের চাল বিতরণ প্রক্রিয়াধীন রয়েছে। এ ছাড়া অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২. | **উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৫১৬৯ জনের মধ্যে খাবার বড়ি ১৬৬৪৯ জন, কনডম ২৬০১ জন, ইনজেকশন ৫৯৫১ জন, আইইডি ১৬৪৬জন, ইমপ্লান্ট-৩০৮৮ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫১৮ জন এবং মহিলা ৩৯৩৭ জন, মোট ৩৪৩৯০ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৬.১৪%। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৯৩৮ জন, চলতি মাসে নতুন গর্ভবতী ২২৮ জন,গর্ভকালীন ৬৯৫ জন ও গর্ভোত্তর ৪৭৯ জনকে সেবা প্রদান করা হয়েছে। সেপ্টেম্বর/২০২৫ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬৪ জন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১৩. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি অর্থবছরে বিদ্যমান প্রকল্প/কর্মসূচীর আওতায় ৪.১০ কোটি টাকা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১০৬.৮৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায় করা হয় ৬৯.২৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের গড় হার ৯৮%। বিদ্যমান খেলাপী ঋণের মধ্যে ২৪.৪৪ লক্ষ টাকা বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে রয়েছে। বর্ণিত খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য উপজেলা প্রশাসন সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | **একটি বাড়ী একটি খামার প্রকল্প (পল্লী সঞ্চয় ব্যাংক) :** উপজেলা পল্লী সঞ্চয় ব্যবস্থাপক সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৫.১৪ কোটি টাকা, বিতরণ করা হয়েছে ২.১৫ লক্ষ টাকা। আদায়ের লক্ষ্যমাত্রা ১৮.২০ কোটি টাকা আদায় ২.৪০ টাকা। সদস্য ভর্তির লক্ষ্যমাত্রা ৩৩৮ জন ভর্তি হয়েছে ৪৪ জন। সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ৯.১৪ লক্ষ টাকা আদায় হয়েছে ১৫ লক্ষ টাকা। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৫. | **উপজেলা সমবায় বিভাগ:** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সমবায় বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে। চান্দলা ও মাধবপুর ইউনিয়ন দুগ্ধ সমবায় সমিতি লিঃ এর ৫০ জন সদস্যকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ঋণের চেক বিতরণ করা হয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে,UNICEF Supported Eastern Flood Response-2 প্রকল্পের কাজ প্রায় শেষ হয়েছে তাই সুবিধাগুলো উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের গভীর নলকূপের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | | জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা |
| ১৭. | বন বিভাগ: উপজেলা ফরেস্টার সভায় জানান যে, ক) উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে পত্র মাধ্যমে জানান ব্রাহ্মণপাড়া পরিষদ কমপ্লেক্স নতুন ভবনের পশ্চিম পার্শ্বে ০১টি রেইন্টি কড়ই গাছের ডালের কারণে নতুন পরিষদ ভবনের নির্মাণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বিধায় উক্ত গাছের ডালপালা কর্তনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>খ) উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে পত্র মাধ্যমে জানান ব্রাহ্মণপাড়া-দুলালপুর সড়কে উপজেলা পরিষদের সীমানার উত্তর পার্শ্বে ০১টি আকাশমনি গাছ ঝড়ে ভবনের উপর হেলে পড়েছে। উক্ত গাছের ডালপালা কর্তন করে উপজেলা বন কর্মকর্তার কার্যালয়ে গাছ কর্তন করে সংরক্ষণ করে রাখা হয়েছে। যাহা পরবর্তীতে ঠিকাদারের নিকট হস্তান্তর করা হবে।<br>গ) সাহেবাবাদ মনির হোসেন চেয়ারম্যান মার্কেটের সামনে গ্রাম বাংলা রিসোর্ট সংলগ্ন ০২টি রেইন্টি কড়ই গাছ ঝুঁকিপূর্ণভাবে দোকান ঘরের উপর হেলে পড়ে আছে ০২টি গাছ সরানোর প্রয়োজন।<br>ঘ) গোপালনগর থেকে নাল্লা যাওয়ার রাস্তায় লোকমান হোসেন খান বাড়ীর সামনে ০৪টি গাছগুলো বসত ঘরের উপর হেলে পড়ে আছে। সরেজমিনে দেখা যায় গাছগুলো সরানোর প্রয়োজন। | ক অনুচ্ছেদ বিধি মোতাবেক গাছের ডালপালা কর্তন করা।<br>খ অনুচ্ছেদ ঠিকাদারের নিকট ডালপালা বুঝিয়ে দেয়া।<br>গ ও ঘ অনুচ্ছেদ বিধি মোতাবেক ভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| ১৮ | **পল্লী বিদ্যুৎঃ** ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, সরকারি সকল অফিস বাসা বাড়ী ও উপজেলা মডেল মসজিদের বকেয়া সহ সামগ্রিক বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | | |
| ১৯. | **বিবিধ আলোচনা ঃ** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |



CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.১০.২০২৫
(মাহমুদা জাহান)
প্রশাসক
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০
তারিখ: ২৯/১০/২০২৫খ্রি.

স্মারক নং ০৫.৫৪৯.০০৬.০০.০০.০০১.২৪-৭০(২৮)

**অনুলিপি :**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৪. জেলা প্রশাসক, কুমিল্লা।

(১-৪) সদয় অবগতির জন্য।

৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৬. চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা
৭. অফিস নথি।

(৫-৭) অবগতি ও কার্যার্থে।

২৯.১০.২০২৫
(মাহমুদা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।



CamScanner